গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-১ অধিশাখা)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০৫.১৬-২০ তারিখঃ ০৩/০১/২০১৮

বিষয় : জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত উন্নয়ন মেলা-২০১৮ এ পৌরসভাসমূহের অংশগ্রহণ ।

সূত্র: (ক) স্থানীয় সরকার বিভাগের পৌর-১ অধিশাখার পত্র নং ৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০৫.১৬-১৬৫৬, তারিখ: ১২/১২/২০১৭।
(খ) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০১৩-১৮, তারিখ: ০২/০১/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১১-১৩ জানুয়ারি ২০১৮ পর্যন্ত ০৩(তিন) দিনব্যাপী একযোগে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত উন্নয়ন মেলা-২০১৮ এ পৌরসভাসমূহের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং স্থানীয় সরকার বিভাগের প্রণীত কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়নের জন্য সূত্রস্থ 'ক' পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০২। সূত্রস্থ 'খ' পত্রের প্রেক্ষিতে উন্নয়ন মেলা-২০১৮ সফল করার লক্ষ্যে ইতোপূর্বে প্রেরিত নির্দেশনা/কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়নসহ পৌরসভাসমূহের উন্নয়ন ও সেবা সম্পৃক্ত তথ্য, ব্রশিউর, বুকলেট এবং সকল প্রকার প্রমাণকসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় উপস্থাপন/প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন (সফট কপি এই ইমেইল ঠিকানায়: mazidlgd91@gmail.com) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল:

ক) সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত উন্নয়ন মেলা-২০১৮ এ স্বতন্ত্র স্টল বরাদ্দ গ্রহণের মাধ্যমে পৌরসভাসমূহের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(খ) শেখ হাসিনা ব্রান্ডিং এর জন্য 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ' সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধিকল্পে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদিত স্থানীয় সরকার বিভাগের নিম্নোক্ত ব্রান্ডিং মেলার স্টলে সম্মুখভাগে প্রকাশ্য প্রদর্শনের জন্য পোষ্টার/ব্যানার/ফেস্টুন স্থাপন করতে হবে:

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

(গ) পৌরসভাসমূহ কর্তৃক বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের ২০০৯-২০১৩ এবং ২০১৪-২০১৭ মেয়াদে সাফল্য ও ভবিষ্যত কর্মপরিকল্পনা উন্নয়ন মেলায় প্রদর্শন করতে হবে।

(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৪/০৯/২০১৭ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভার প্রস্তাবনার আলোকে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন অন্যান্য সকল দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের গৃহিত কার্যক্রম/কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নিম্নোক্ত কর্মসূচি বাস্তবায়ন করতে হবে:

- প্রতিটি জেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সাফল্য/উন্নয়ন কার্যক্রমের উপর পাঁচ মিনিটের ভিডিও চিত্র নির্মাণ ও প্রদর্শন;
- পৌরসভাসমূহ কর্তৃক নিজ নিজ উন্নয়ন তথ্যচিত্র উপস্থাপন; মেলার স্টলসমূহের মাধ্যমে প্রত্যাশীদের সেবা প্রদান;

C:\Users\M\Desktop\Unnayan Mela\Unnayan mela1.doc

- সহস্রাব্দের লক্ষ্যমাত্রা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে গৃহিত কার্যক্রম প্রচার;
- সকল জেলা/উপজেলার মেলা প্রাঙ্গনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উপর পোস্টার/ব্যানার/ফেস্টুন প্রদর্শন;
- স্থানীয় সরকার বিভাগের আওতাধীন প্রকল্পের কাজসমূহ মেলায় প্রদর্শন;
- মাননীয় প্রধানমন্ত্রীর প্রাপ্ত আন্তর্জাতিক পুরস্কারের বিষয়ে প্রচার;
- জলবায়ু পরিবর্তনের বিষয়ে প্রচার;
- ভূগর্ভস্থ পানি ব্যবহারের পরিবর্তে ভূউপরিস্থ পানির সংরক্ষণ ও ব্যবহার।

(ঙ) পৌরসভাসমূহ কর্তৃক ৯(নয়) বছরের অর্জিত সাফল্য সংবলিত Video Clip প্রণয়ন করে জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় প্রদর্শন করতে হবে।

০৩/০১/১৮

(মোঃ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩

বিতরণ:
মেয়র/প্রশাসক (সকল পৌরসভা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর ও উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার,.................... (সকল বিভাগ)।
০৪। জেলা প্রশাসক, ...(সকল জেলা)।
০৫। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ...(সকল জেলা)।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৮। সিনিয়র সহকারী সচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৪. ২০১৩- ১৮

তারিখঃ ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ উন্নয়ন মেলা - ২০১৮ অনুষ্ঠানের জন্য নির্দেশনা প্রদান।

সূত্রঃ ০৪.০০.০০০০.০০১.১২.০০২.১৭.১৮৪(৫৭) তারিখঃ ২৭/১২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্হ স্মারকের প্রেক্ষিতে আগামী ১১-১৩ জানুয়ারি ২০১৮ পর্যন্ত ৩(তিন) দিনব্যাপী একযোগে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলা সফল করার লক্ষ্যে স্হানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্হাসমূহ কর্তৃক উন্নয়ন ও সেবা সম্পৃক্ত তথ্য, ব্রশিউর, বুকলেট এবং সকল প্রকার প্রমাণকসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

02/01/2018

(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক (মইই)
স্হানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এর দপ্তর
উপস্থাপন করুন
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
জরুরী ভিত্তিতে পেশ করুন
আলোচনা করুন
অংশগ্রহণ করুন

অনুলিপিঃ
১। সচিবের একান্ত সচিব, স্হানীয় সরকার বিভাগ।